

Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

অল্প কিছুদিনের মধ্যেই দেশে ফিরবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এমন তথ্য জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ও খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ডা. এজেডএম জাহিদ হোসেন। মঙ্গলবার দুপুরে বিএনপি চেয়ারপারসনের গুলশানের বাসভবন ‘ফিরোজা’র সামনে সাংবাদিকদের তিনি জানান, “জোবাইদা রহমান ফিরেছেন, তারেক রহমানও ফিরবেন। সেদিন খুব বেশি দূরে নয়।”

তিনি আরও জানান, লন্ডন থেকে উন্নত চিকিৎসা শেষে দেশে ফিরেই খালেদা জিয়া মানসিক ও শারীরিকভাবে অনেকটাই সুস্থ হয়েছেন। “বিনা খরচে এয়ার অ্যাম্বুলেন্স দিয়েছে কাতার। এজন্য তিনি কাতারের আমির এবং বাংলাদেশের আইনশৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানিয়েছেন।”

এর আগে মঙ্গলবার সকাল ১০টা ৪০ মিনিটে কাতারের আমিরের দেওয়া বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন খালেদা জিয়া। দুপুর ১টা ২৫ মিনিটে নেতাকর্মীদের ভালোবাসায় সিক্ত হয়ে পৌঁছান গুলশানের বাসভবন ‘ফিরোজা’য়।

বিএনপির মিডিয়া সেলের কর্মকর্তা শায়রুল কবির খান জানান, খালেদা জিয়ার সঙ্গে ছিলেন দুই পুত্রবধূ ডা. জোবাইদা রহমান ও সৈয়দা শর্মিলা রহমান। এ সময় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ সিনিয়র নেতারাও উপস্থিত ছিলেন।

খালেদা জিয়ার আগমনে দলীয় নেতাকর্মীদের মাঝে ব্যাপক উচ্ছ্বাস দেখা যায়। সকাল থেকেই বিমানবন্দরে উপস্থিত হয়ে তাঁরা দলীয় শ্লোগান এবং করতালির মাধ্যমে বরণ করে নেন বিএনপি চেয়ারপারসনকে।

প্রসঙ্গত, দীর্ঘ চার মাস আগে—গত ৮ জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য লন্ডনে যান খালেদা জিয়া। তাঁর অসুস্থতার খবর পেয়ে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি একটি বিশেষ রাজকীয় বিমান সরবরাহ করেছিলেন। লন্ডনে ১৭ দিন ক্লিনিকে থাকার পর বাকি সময় তিনি ছিলেন বড় ছেলে তারেক রহমানের বাসায়।

লন্ডনে বিদায় মুহূর্তে আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। খালেদা জিয়াকে নিজেই গাড়ি চালিয়ে হিথরো বিমানবন্দরে নিয়ে যান তারেক রহমান। তাঁকে বিদায় জানাতে জড়ো হয় হাজারো প্রবাসী বিএনপি নেতাকর্মী। খালেদা জিয়া হাত নাড়িয়ে তাদের প্রতি শুভেচ্ছা জানান এবং বলেন, “তারেক রহমানকে দেখে রেখো।”

দলের নেতাকর্মীদের প্রত্যাশা, দেশে ফিরে খালেদা জিয়া আবারও রাজনৈতিক নেতৃত্বে সক্রিয় ভূমিকা পালন করবেন। সেইসঙ্গে শিগগিরই তারেক রহমানের প্রত্যাবর্তনের মাধ্যমে বিএনপির আন্দোলনে নতুন গতি সঞ্চার হবে বলেও মনে করছেন অনেকে।

বিএনপি তারেক রহমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান খালেদা জিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:08

URL: <https://www.timestodaybd.com/politics/2034122357>